

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৯৬

১/ বিবিধ

আরবী

ليس للدين دواء إلا القضاء والوفاء والحمد  
ضعيف جدا

رواه الخطيب (7 / 198) وابن عساكر (2 / 21 / 1) من طريقه عن جعفر بن عامر بن أبي الليث البغدادي: حدثنا أحمد بن عمار بن نصير الشامي: حدثنا مالك عن نافع عن ابن عمر مرفوعا. أورده الخطيب في ترجمة جعفر هذا وقال: " شيخ مجهول، روى عن الحسن بن عرفة أحاديث منكرة ". ثم ساق له هذا الحديث وأما ابن عساكر فأورده في ترجمة أحمد بن عمار، وهو أخو هشام بن عمار، وقال عقبه: " قال الشيخ أبو بكر الخطيب: أحمد بن عمار بن نصير الشامي شيخ مجهول، وهذا حديث منكر ". وإنما قال الخطيب: " شيخ مجهول " في حق جعفر هذا كما رأيت، فلعل ما نقله ابن عساكر عنه في موضع آخر من كتب الخطيب ثم روى عن الدارقطني أنه قال: " أحمد هذا متروك الحديث ". والحديث أورده الذهبي في ترجمة ابن عمار هذا وقال: " وهذا منكر ". ثم قال في ترجمة جعفر بن عامر هذا: " عن أحمد بن عمار أخي هشام بخبر كذب، وأتهمه ابن الجوزي ". وأقره الحافظ

বাংলা

৭৯৬। পরিশোধ করা, পূর্ণ করা এবং প্রশংসা করাই হচ্ছে ঋণের একমাত্র ওষুধ।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি আল-খাতীব (৭/১৯৮) এবং ইবনু আসাকির (২/২১/১) তার সূত্রে জাফার ইবনু আমের হতে তিনি আহমাদ ইবনু আম্মার আশ-শামী হতে তিনি মালেক হতে তিনি নাফে' হতে ... বর্ণনা করেছেন।

হাদীছটি আল-খাতীব জাফারের জীবনীতে উল্লেখ করে বলেছেনঃ তিনি মাজহুল শাইখ। তিনি হাসান ইবনু আরাফাহ হতে মুনকার হাদীছ বর্ণনা করেছেন।

ইবনু আসাকির আহমাদ ইবনু আম্মার সম্পর্কে আবু বাকর আল-খাতীব হতে নকল করে বলেছেনঃ তিনি মাজহুল শাইখ আর এ হাদীছটি মুনকার। অতঃপর ইবনু আসাকির দারাকুতনী হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আহমাদ ইবনু আম্মার মাতরুকুল হাদীছ।

হাফিয যাহাবী ইবনু আম্মারের জীবনীতে হাদীছটি উল্লেখ করে বলেছেনঃ এটি মুনকার। অতঃপর তিনি জাফরের জীবনীতে বলেনঃ তিনি আহমাদ ইবনু আম্মার হতে মিথ্যা হাদীস বর্ণনা করেছেন। তাকে ইবনুল জাওয়ী মিথ্যার দোষে দোষী করেছেন। আর হাফিয ইবনু হাজার তাকে সমর্থন করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71675>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন